

AnyScanner

AML/CFT Session on Master Circular 26 and Technology for STR/SAR detection

ম. রাশেদুল হাসান খান, সিএএমএস

এমআইটি (মাস্টার ইন ইনফরমেশন টেকনোলোজি), এমবিএ (ব্যাংকিং), এমএসসি (পরিসংখ্যান)

@letslearn

AnyScanner

৩। গ্রাহক পরিচিতি, সতর্কতামূলক ব্যবস্থা ও অন্যান্য :

২) ঝুঁকি ভিত্তিক ব্যবস্থা **(Risk Based Approach)**

- বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক জারীকৃত ML/TF Risk Assessment Guidelines for Banking Sector এর নির্দেশ না অনুসারে নির্দিষ্ট সময় অন্তর প্রতিটি ব্যাংক মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত নিজস্ব ঝুঁকি নিরূপণ করবে।

AnyScanner

৩.৩ গ্রাহক পরিচিতি (Know Your Customer-KYC) :

- গ্রাহকের হিসাব খোলার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারীকৃত হিসাব খোলার ফরম ব্যবহার করতে হবে।
- তবে আধুনিক প্রযুক্তির ব্যবহার সুবিধাজনক বিবেচনায়, প্রযোজ্য ক্ষেত্রে, বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines on Electronic Know Your Customer (e-KYC) এ বর্ণিত আধুনিক প্রযুক্তির ব্যবহার বা সহায়তা গ্রহণ করতে হবে। যে ক্ষেত্রে ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে হিসাব খোলা সম্ভব হবে না সে ক্ষেত্রে হার্ড কপি হিসাব খোলার ফরম ব্যবহার করা যাবে।
- গ্রাহকের পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ করতে হবে। ব্যাংকিং ব্যবস্থা যাতে মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকির সম্মুখীন না হয় তা নিশ্চিত করার জন্য প্রতিটি ব্যাংককে গ্রাহক কর্তৃক হিসাব খোলার উদ্দেশ্য সম্পর্কে সম্যক ধারণা এবং গ্রাহক পরিচিতি সম্পর্কিত তথ্য বা উপাত্ত যাচাই প্রক্রিয়া সম্পাদন করতে হবে। এইরূপ পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য গ্রহণ বা সংরক্ষণের ক্ষেত্রে পূর্ণাঙ্গ বলতে হিসাবের আবেদনকারী বা হিসাবধারী গ্রাহকের পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল তথ্যের সন্নিবেশকে বুঝাবে।
- Walk-in Customer

AnyScanner

Unique AOF (Account Opening Form)

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-০২

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৬ / ২৩ ফেব্রুয়ারি ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহে হিসাব খোলার ফরম ও কেওয়াইসি প্রোফাইল প্রসঙ্গে

ব্যাংকসমূহে হিসাব খোলার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ৩০ জুন ২০০৮ তারিখের পত্র নং-এএমএলডি-১(পলিসি)/২০০৮-২৩২৪ ও ২৮ ডিসেম্বর ২০১৪ তারিখের বিএফআইইউ সার্কুলার নং-১০ এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর ১৬ জানুয়ারি ২০১৭ তারিখের বিএফআইইউ সার্কুলার লেটার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত পত্র, সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে তফসিলি ব্যাংকসমূহের জন্য হিসাব খোলার ফরম ও কেওয়াইসি প্রোফাইল সংক্রান্ত বিভিন্ন নির্দেশনা জারি করা হয়। দেশে তথ্য প্রযুক্তির বিকাশ, আর্থিক ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন ও প্রযুক্তির সহায়তায় তথ্য প্রাপ্তির সুযোগ বৃদ্ধির ধারাবাহিকতায় হিসাব খোলার ফরমসমূহকে অধিকতর গ্রাহক-বান্ধব করার লক্ষ্যে তা হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। হালনাগাদকৃত নিম্নোক্ত ফরমসমূহ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো:

ক) হিসাব খোলার ফরম: ব্যক্তিক হিসাব
খ) হিসাব খোলার ফরম: প্রাতিষ্ঠানিক হিসাব
গ) হিসাব খোলার ফরম: সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাব
ঘ) হিসাব খোলার ফরম: স্থায়ী আমানত/সঞ্চয়ী স্কিম/বিশেষ স্কিম হিসাব

৩। হিসাবধারীর পেশা ও অর্থের উৎস বিবেচনায় ব্যাংক হিসাবধারীর কেওয়া[Saved to this PC]পাশি ট্রানজেকশন প্রোফাইলও

@letslearn

AnyScanner

Unique AOF (Account Opening Form)

৩। হিসাবধারীর পেশা ও অর্থের উৎস বিবেচনায় ব্যাংক হিসাবধারীর কেওয়াইসি করার পাশাপাশি ট্রানজেকশন প্রোফাইলও পূরণ করবে এবং হিসাব খোলার ৬(ছয়) মাস পর প্রকৃত লেনদেন বিবেচনায় তা হালনাগাদ করবে। এ ক্ষেত্রে, বিদ্যমান ট্রানজেকশন প্রোফাইল ফরমের গ্রাহক/হিসাব পরিচালনাকারীর ঘোষনা ও স্বাক্ষর প্রদানের অংশ বাদ যাবে। এতদ্ব্যতীত, ট্রানজেকশন প্রোফাইল ও কেওয়াইসি প্রোফাইল সংক্রান্ত বিদ্যমান নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪। এতদ্সংযুক্ত হিসাব খোলার ফরমে উল্লেখিত তথ্যাদি ব্যাংকের হিসাব খোলার ফরমে অবশ্যই থাকতে হবে; তবে কোন ব্যাংক প্রয়োজনে অতিরিক্ত তথ্যাদি সংযোজন করতে পারবে। ব্যাংকসমূহ তাদের হিসাব সংশ্লিষ্ট শর্তাবলী ফরমের সাথে সংযুক্ত করবে। ফরম বাংলায় বা ইংরেজীতে বা উভয় ভাষায় মুদ্রণ করা যাবে; তবে ফরমে উল্লেখিত বাংলা ও ইংরেজী মাধ্যমে তথ্য সংগ্রহের সংশ্লিষ্ট নির্দেশনা তদানুযায়ী পরিপালন করতে হবে।

৫। ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ উল্লিখিত ফরমে ব্যবহৃত শব্দ/শব্দগুচ্ছের পরিবর্তে প্রচলিত ও সামঞ্জস্যপূর্ণ ইসলামী শরীয়াহ্ ভিত্তিক শব্দ/শব্দগুচ্ছ ব্যবহার করতে পারবে।

৬। ফরম মুদ্রণ ও ব্যবহারের ক্ষেত্রে পরিবেশ বান্ধবতার বিষয়টি বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে।

৭। হিসাব খোলার হালনাগাদকৃত ফরমসমূহ আগামী ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রচলন করতে হবে।

৮। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় এ নির্দেশনা জারি করা হলো।

@letslearn

AnyScanner

৩.৪ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (Customer Due Diligence-CDD)

গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা বা CDD বলতে নির্ভরযোগ্য ও নিরপেক্ষ উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের (ব্যক্তি অথবা সত্তা) পরিচিতি নিশ্চিতকরণ, সংগৃহীত পরিচিতিমূলক তথ্য বা উপাত্তের সঠিকতা এবং অর্থের উৎস যাচাইকরণসহ হিসাবের পরিচিতিমূলক তথ্য বা উপাত্ত ও লেনদেন নিয়মিতভাবে (Ongoing) পরীক্ষণ করাকে বুঝাবে। উল্লেখ্য যে, গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ ও যাচাইকরণ (KYC), CDD প্রক্রিয়ার একটি অংশ।


➢ *গ্রাহক সংশিষ্ট ঝুঁকি বিবেচনায় নিম্নবর্ণিত বিভিন্ন পর্যায়ে CDD সম্পাদন করতে হবে-*

- ✓ গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;
- ✓ ওয়াক-ইন কাস্টমার (Walk-in Customer) কর্তৃক সম্পাদিত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা বা তদূর্ধ্ব মূল্যের অনিয়মিত (Occasional) লেনদেনের সময়;
- ✓ ওয়্যার ট্রান্সফারের মাধ্যমে অনিয়মিত (Occassional) লেনদেন সম্পাদনের সময়;
- ✓ যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতোপূর্বে গ্রাহকের পরিচিতির নিমিত্ত যেসব তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাপ্ত বা সঠিক নয়; এবং
- ✓ কোনো লেনদেন মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত মর্মে সন্দেহ হলে এবং এক্ষেত্রে ঈউউ সম্পাদনের ফলে তথ্যের গোপনীয়তা ফাঁস (Tipping-Off) হবার সম্ভবনা থাকলে CDD সম্পাদন না করেই সন্দেহজনক লেনদেন/কার্যক্রম প্রতিবেদন দাখিল করতে হবে।

@letslearn

AnyScanner

Deposit Slip



BRAC BANK

DEPOSIT SLIP (জমা রশিদ)

Customer's Copy (গ্রাহকের কপি)

☐ Account Holder ☐ Non Account Holder

Please use separate deposit slip for local cheques/outstation cheques and cash.
একই ব্যাংকের চেক/অন্য ব্যাংকের চেক এবং ক্যাশ জমা করতে চাইলে পৃথক পৃথক জমা রশিদ ব্যবহার করুন।

Date (তারিখ): 19 / 08 / 26

Account Number (হিসাব নম্বর):

1 5 0 1 1 0 0 0 7 3 7 6 0 0 1

☐ Cheque (চেক) ☐ Cash (নগদ) ☐ BDT ☐ USD ☐ GBP ☐ EURO

Account Name (হিসাবের নাম): MOHAMMAD RASHEDUL HASAN KHAN

Amount in Words (টাকার পরিমাণ, কথায়): FIFTY FIVE THOUSAND TAKA ONLY

Depositor's Details (জমাদানকারীর বিবরণ):

Name (নাম): MOHAMMAD RASHEDUL HASAN KHAN

Address (ঠিকানা): HOUSE # 1405, ROAD #23 DAKHAE, SOUTH BADDA, DHAKA-1219

Contact Number (যোগাযোগের নম্বর): 01304663399

Source of Fund (অর্থের উৎস): FAMILY

Purpose of Deposit (জমা দেয়ার উদ্দেশ্য): PAYMENT

Drawee Bank & Branch (ইস্যুকারী ব্যাংক ও শাখা)	Cheque Number & Date (চেক নম্বর ও তারিখ)	Notes (নোট)	Amount (পরিমাণ)
SONALI BANK GORAN BRANCH	3785495 19-08-26	1000 (১০০০) X 500 (৫০০) X 200 (২০০) X 100 (১০০) X 50 (৫০) X 20 (২০) X 10 (১০) X 5 (৫) X 2 (২) X 1 (১) X	55 000
		Total (মোট)	55 000

BRAC Bank PLC. Gulshan Branch, Dhaka 19 AUG 2026 RECEIVING FOR CLEARING TELLER

For deposit above BDT 50,000 (৫০,০০০ টাকা এর অধিক জমার ক্ষেত্রে)
Only Non-Account Holders are required to fill up this part (শুধুমাত্র নন-অ্যাকাউন্ট হোল্ডারদের অংশটি পূরণ করতে হবে)

Number of the Photo ID provided (প্রদত্ত ফটো আইডি-এর নম্বর)
☐ NID ☐ Passport ☐ Any Attested ID

Relationship with A/C Holder (হিসাবধারীর সাথে সম্পর্ক):

Profession (পেশা):

Depositor's Signature (জমাদানকারীর স্বাক্ষর)

Signature & Stamp of Authorizing Officer (অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল)

@letslearn


AnyScanner

৩.৪ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (Customer Due Diligence-CDD)

- ✓ গ্রাহকের পরিচিতি এবং ব্যাংকের সাথে সম্পর্ক স্থাপনের অন্তর্নিহিত উদ্দেশ্য ও ব্যবসায়ের ধরণ সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য প্রত্যেক ব্যাংক তাদের সন্তুষ্টি সাপেক্ষে পর্যাপ্ত তথ্য সংগ্রহ করবে। উল্লেখ্য, ব্যাংক কর্তৃক সম্পাদিত আলোচ্য CDD কার্যক্রম নিয়মিতভাবে (On-going) পর্যালোচনা করতে হবে।
- ✓ গ্রাহকের ব্যবসায়ের ধরণ, ঝুঁকির মাত্রা ও ধরণ বা প্রযোজ্য ক্ষেত্রে অর্থের উৎসের সাথে অসামঞ্জস্যতা চিহ্নিত করার নিমিত্ত On-going CDD কার্যক্রম পরিচালনা করতে হবে। উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের বিদ্যমান তথ্যাদি নিয়মিত মূল্যায়ন, পর্যালোচনা বা পরীক্ষা নিরীক্ষাপূর্বক হালনাগাদ করতে হবে।
- ✓ গ্রাহক বা প্রকৃত সুবিধাভোগীর পরিচিতিমূলক তথ্য বা উপাত্তের সঠিকতা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের সময় বা হিসাব খোলার পর উক্ত হিসাব হতে অর্থ উত্তোলনের পূর্বেই যাচাই করতে হবে। তবে অনিয়মিত গ্রাহকের ক্ষেত্রে এরূপ কার্যক্রম লেনদেন পরিচালনাকালেই গ্রহণ করতে হবে। যে ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিম্ন বা চিহ্নিত ঝুঁকি নিয়ন্ত্রণের ব্যবস্থা বিদ্যমান অথবা যে ক্ষেত্রে ব্যবসায়িক সম্পর্ক বিঘ্নিত বা বিচ্ছিন্ন করার প্রয়োজন নেই, সে ক্ষেত্রে সম্পর্ক স্থাপনের পর দ্রুততম সময়ে পরিচিতিমূলক তথ্য বা উপাত্তের সঠিকতা যাচাই করতে হবে।
- ✓ **প্রতিটি হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) শনাক্ত করতে হবে**। ব্যাংকের সন্তুষ্টি সাপেক্ষে নির্ভরযোগ্য ও নিরপেক্ষ সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে হিসাবের প্রকৃত সুবিধাভোগী'র পরিচিতি নিশ্চিত করতে হবে।

AnyScanner

Beneficial Owner



হিসাবের প্রকৃত সুবিধাভোগীর ছবি

(হিসাবের প্রকৃত সুবিধাভোগীর জন্য পূরণীয়)

তারিখ..... হিসাব নম্বরঃ .....

ইউনিক আইডি কোডঃ .....

১। হিসাবের শিরোনাম (বাংলায়) : .....

In English (Block Letter) .....

২। প্রকৃত সুবিধাভোগীর নাম (বাংলায়) .....

In English (Block Letter) : .....

৩। জন্ম তারিখ : .....

৪। পিতার নাম : .....

৫। মাতার নাম : .....

৬। স্বামী/স্ত্রীর নাম : .....

৭। জাতীয়তা : ..... ৮। লিঙ্গ: .....

৯। পেশা (বিস্তারিত) .....

১০। মাসিক আয় : .....

১১। অর্থের উৎস (বিস্তারিত) : .....

১২। টাক্স আইডি নম্বর(TIN)(যদি থাকে) : .....

১৩। (ক) বর্তমান ঠিকানা : রোড/গ্রাম :..... পো :..... থানা :.....

জেলা :.....ফোন/মোবাইল নম্বর :.....ইমেইল :.....

(খ) স্থায়ী ঠিকানা : রোড/গ্রাম :..... পো :..... থানা :.....

জেলা :..... ফোন/মোবাইল নম্বর :..... ইমেইল :.....

১৪। পরিচিতি পত্রঃ (ক) জাতীয় পরিচয় পত্র নম্বর .....

অথবা,(খ) পাসপোর্ট নম্বর/ জন্ম নিবন্ধন নম্বর/ অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) : .....

@letslearn

AnyScanner

৩.৫ গ্রাহক সম্পর্কিত সহজতর সতর্কতামূলক ব্যবস্থা (Simplified Customer Due Diligence) :

- আর্থিক অন্তর্ভুক্তির (Financial Inclusion) উদ্দেশ্যে নিম্ন ঝুঁকি অথবা নিম্ন ঝুঁকির নির্দেশক সম্পন্ন হিসাব খোলা বা পরিচালনার ক্ষেত্রে (সরকারী সামাজিক নিরাপত্তা ভাতা হিসাব, স্কুল ছাত্রের হিসাব, কৃষকের হিসাব এবং অন্যান্য No-Frill Account)
- E-KYC Based Accounts (Apps, MFS, PSP, PSO) Guidelines on e-KYC

@letslearn

AnyScanner

৩.৬ CDD সংক্রান্ত অন্যান্য নির্দেশনা:

- ব্যাংক কর্তৃক গ্রাহকের KYC সম্পাদনের নিমিত্তে পরিশিষ্ট-"ক"এ সংযুক্ত নমুনা KYC ফরম/ফরমসমূহ ব্যবহারকালে কোনক্রমেই তা হিসাব খোলার ফরমের অংশ হিসেবে বিবেচনা করা বা গ্রাহক কর্তৃক পূরণীয় হবে না;

- এক ব্যাংকে একই গ্রাহকের একাধিক হিসাব পরিচালিত হলে গ্রাহক পরিচিতির পুনরাবৃত্তি পরিহার ও লেনদেন পরীক্ষণের সুবিধার্থে ব্যাংক উক্ত গ্রাহকের জন্য একটি Unique Customer Identification Code (UCIC) বরাদ্দ করতে পারবে। উক্ত UCIC গ্রাহক ও ব্যাংক কর্তৃক গ্রাহককে প্রদত্ত সকল প্রকার সেবা চিহ্নিতকরণ (track) এবং পূর্ণাঙ্গভাবে আর্থিক লেনদেন মনিটরিং এর ক্ষেত্রে সহায়তা করবে;

- মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি ব্যবস্থাপনায় ব্যাংক নিজেই গ্রাহকের হিসাবের লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) তৈরী করবে। এক্ষেত্রে ব্যাংক গ্রাহকের অতীত লেনদেনের (৬/১২ মাসের লেনদেন) উপর ভিত্তি করে একটি নির্দিষ্ট লেনদেনের ধরণ নিরূপণ করবে এবং নিরূপিত ধরণের ভিত্তিতে গ্রাহকের লেনদেন পরীক্ষণ করবে। ব্যাংক কর্তৃক নির্ধারিত লেনদেনের ধরণে উল্লেখযোগ্য হারে পরিবর্তন দেখা গেলে তা অনুসন্ধান করবে।

AnyScanner

পরিশিষ্ট-"ক"

পরিশিষ্ট-ক

গোপনীয় ও ব্যাংক কর্তৃক পূরণীয়

.....ব্যাংক/ ব্যাংক লি.

.....শাখা

গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form)

(ব্যক্তিক হিসাবের ক্ষেত্রে ব্যবহার্য)

হিসাব নম্বরঃ .....
ইউনিক আইডি কোডঃ .....

১. হিসাবের নাম :
২. হিসাবের প্রকৃতি :
৩. হিসাব খোলার উদ্দেশ্য :
৪. গ্রাহকের পেশা (বিস্তারিত) :
৫. গ্রাহকের মাসিক সম্ভাব্য আয় :
৬. অর্থের উৎস/উৎসসমূহ (বিস্তারিত) :
৭. হিসাবধারীর অর্থের উৎস/উৎসসমূহ কিভাবে যাচাই করা হয়েছে (দলিলাদিসহ বিস্তারিত):.....
৮. হিসাবধারীর ঠিকানা (সমূহ) কিভাবে যাচাই করা হয়েছে (বিস্তারিত):.....

.....

৯. হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) আছে কি নাঃ

☐ হ্যাঁ ☐ না

(উত্তর হ্যাঁ হলে প্রত্যেক প্রকৃত সুবিধাভোগী সম্পর্কিত তথ্যাদি সংযুক্তি-১ মোতাবেক কেওয়াইসি সম্পাদন করতে হবে)

@letslearn

AnyScanner

পরিশিষ্ট-"ক"

১০. পরিচিতি পত্র (যেকোনো একটি):

	কপি গৃহীত	যাচাইকৃত	[টিক (√) দিন]
ক) জাতীয় পরিচয় পত্র নম্বর :	☐	☐	(প্রযোজ্য ক্ষেত্রে)
খ) পাসপোর্ট নম্বর :	☐	☐	(প্রযোজ্য ক্ষেত্রে)
গ) জন্ম নিবন্ধন সনদপত্র নম্বর :	☐	☐	(প্রযোজ্য ক্ষেত্রে)
ঘ) অন্যান্য :			

১১. অনিবাসী (Non-resident) এবং বিদেশীদের ক্ষেত্রে :

(ক) ভিসার প্রকৃতি:..... মেয়াদ উত্তীর্ণের তারিখ:.....

(খ) কর্মানুমতি (Work Permit) প্রাপ্তদের হিসাব খোলার ক্ষেত্রে কর্মানুমতি (Work Permit) পত্র সংগ্রহ ও ব্যাংক হিসাব খোলার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে কি না:

☐ হ্যাঁ ☐ না

(অনিবাসী বাংলাদেশীর ক্ষেত্রে পাসপোর্টের কপি এবং বিদেশী ক্ষেত্রে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে।)

১২. গ্রাহক Politically Exposed Person (PEP)/প্রভাবশালী ব্যক্তি (IP)/ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা এবং তাদের পরিবারের সদস্য বা close assosiates কি না:

☐ হ্যাঁ ☐ না

উত্তর হ্যাঁ হলে:

ক. উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে অনুমোদন নেয়া হয়েছে কি না: ☐ হ্যাঁ ☐ না

খ. গ্রাহকের মুখোমুখি সাক্ষাৎকার নেয়া হয়েছে কি না: ☐ হ্যাঁ ☐ না

@letslearn

AnyScanner

পরিশিষ্ট-"ক"

পরিশিষ্ট-ক

প্রযোজনীয় ও ব্যাংক কর্তৃক পূরণীয়

১৩. সংশ্লিষ্ট আইন, বিধিমালা ও সার্কুলারের আলোকে গ্রাহকের নাম জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাসী কার্য, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারের অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার নামের তালিকার সাথে যাচাইবাছাইপূর্বক কোনরূপ মিল পাওয়া গিয়েছে কি না:

☐ হ্যাঁ ☐ না

ক) উত্তর হ্যাঁ হলে এ বিষয়ক গৃহীত ব্যবস্থার বিবরণ :

১৪. রিস্ক গ্রেডিং(সংযুক্তি-২ অনুযায়ী):

রিস্ক স্কোরের যোগফল	সামগ্রিক রিস্ক রেটিং
>=১৫	উচ্চ
<১৫	নিম্ন

মন্তব্য :

(* রিস্ক রেটিং ১৫ এর কম হলেও Beneficial Owner -সহ অন্যান্য ঝুঁকি বিবেচনায় নিয়ে কারণ উল্লেখপূর্বক Subjective বিবেচনায় যেকোনো উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসেবে নিরূপণ করা যেতে পারে)

প্রস্তুতকারী :

(হিসাব খোলার কর্মকর্তা/বিজনেসশিপ ম্যানেজার)

স্বাক্ষর (সিলসহ) :

নাম :

পর্যালোচনা ও নিশ্চিতকারী কর্মকর্তা :

(শাখা ব্যবস্থাপক/ শাখা ম্যানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা)

স্বাক্ষর (সিলসহ) :

নাম :

@letslearn

AnyScanner

পরিশিষ্ট-"ক"

প্রস্তুতকারী :

(হিসাব খোলার কর্মকর্তা/রিলেশনশিপ ম্যানেজার)

স্বাক্ষর (সিলসহ) :

নাম :

তারিখ :

পর্যালোচনা ও নিশ্চিতকারী কর্মকর্তা :

(শাখা ব্যবস্থাপক/ শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা)

স্বাক্ষর (সিলসহ) :

নাম :

তারিখ :

.....

(PEP/IP/আন্তর্জাতিক সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা এর ক্ষেত্রে অনুমোদনকারী উর্ধ্বতন কর্মকর্তা)

নামযুক্ত সিলসহ স্বাক্ষর ও তারিখ

১৫. হিসাব ও গ্রাহক সংক্রান্ত তথ্যাদি সর্বশেষ পর্যালোচনা এবং হালনাগাদ (Review & Update) করার তারিখ:

পর্যালোচনা এবং হালনাগাদকারী কর্মকর্তা :

স্বাক্ষর (সিলসহ) :


নাম :

তারিখ :

@letslearn

AnyScanner

Unique Customer Identification (UCIC)



@letslearn

AnyScanner

৩.৬ CDD সংক্রান্ত অন্যান্য নির্দেশনা:

- গ্রাহক পরিচিতি প্রক্রিয়ায় গ্রাহক সম্পর্কিত প্রাপ্ত তথ্যসমূহ হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এক্ষেত্রে, KYC ফরমে উল্লিখিত ঝুঁকি বিভাজন মানদন্ডের আলোকে নিরূপিত নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর এবং উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ০১ (এক) বছর পর পর হালনাগাদকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। গ্রাহকের পরিচিতিমূলক তথ্যের যে কোনো পরিবর্তন অবগত হওয়ার সাথে সাথেই তা হালনাগাদ করতে হবে। এছাড়া নির্দিষ্ট কোনো প্রয়োজন অনুভূত হলে যে কোনো সময়েই গ্রাহকের পরিচিতিমূলক তথ্য হালনাগাদ করা যাবে। হালনাগাদকৃত তথ্যের ভিত্তিতে পুনরায় অবিলম্বে এসব হিসাবের ঝুঁকি নিরূপণ করতে হবে। এছাড়াও কোন হিসাব নিম্ন ঝুঁকি হতে উচ্চ ঝুঁকিতে স্থানান্তরিত হলে তা নিরূপণের পদ্ধতিও চালু থাকতে হবে:

নিম্ন ঝুঁকি	উচ্চ ঝুঁকি
< ১৫	≥ ১৫

AnyScanner

৩.৬ CDD সংক্রান্ত অন্যান্য নির্দেশনা:

- যে সব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমন: ফাইন্যান্সিয়াল এ্যাকশন টাস্কফোর্সের Jurisdictions under Increased Monitoring এবং High-Risk Jurisdictions subject to a Call for Action হিসেবে তালিকাভুক্ত দেশ) সে সব দেশের কোনো ব্যক্তি বা সত্তার (আইনগত প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠানসহ যে কোনো প্রতিষ্ঠান) সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও বজায় রাখা এবং লেনদেন সম্পাদনের ক্ষেত্রে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে FATF যাচিত Counter Measures গ্রহণ করবে;
- বিদেশী ব্যাংকের সাথে সম্পর্ক স্থাপনের পূর্বে সংশিষ্ট দেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা বিবেচনায় নিতে হবে;
- কোনো বিদেশী বা অনিবাসী বাংলাদেশীর হিসাব খোলার ক্ষেত্রে এ সার্কুলারের অতিরিক্ত হিসেবে Foreign Exchange Regulation Act, 1947 এর বিধানাবলী ও এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে; এবং
- ভবদেশিক বাণিজ্য সম্পর্কিত হিসাব বা লেনদেনের ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines for Prevention of Trade Based Money Laundering এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

AnyScanner

The Financial Action Task Force (FATF)

Grey List and Black List three times a year:

The updates are normally published following FATF Plenary meetings held in:

- ***February***
- ***June***
- ***October***

@letslearn

AnyScanner

Jurisdictions under Increased Monitoring – 30 October 2026 (FATF Grey List 18 jurisdictions)

1. Angola
2. Bolivia
3. Bosnia and Herzegovina
4. Cameroon
5. Haiti
6. Iraq
7. Kenya
8. Kuwait
9. Lao PDR
10. Lebanon
11. Nepal
12. Papua New Guinea
13. South Sudan
14. Syria
15. Venezuela
16. Vietnam
17. Virgin Islands (UK)
18. Yemen

Removed:

I. *Bulgaria*
II. *Côte d'Ivoire*
III. *Democratic Republic of the Congo*
IV. *Monaco*

AnyScanner

High-Risk Jurisdictions subject to a Call for Action - 30 October 2026 (Black List – 30 October 2026)

I. *Democratic People's Republic of Korea (DPRK)*
II. *Iran*
III. *Myanmar*

@letslearn

AnyScanner

সংযুক্তি-২



ভোগালক ঝুঁকি	স্কোর
অনিবাসী ঝুঁকি	
গ্রাহকঃ	
নিবাসী বাংলাদেশি	১
অনিবাসী বাংলাদেশি	২
বিদেশি নাগরিক	৩
বিদেশি নাগরিকদের জন্য:	
জন্মস্থান/আবাসনের ভিত্তিতে ঝুঁকির শ্রেণিবিন্যাস	
গ্রাহক যে দেশের নাগরিক সে দেশ কি এফএটিএফ এর Jurisdiction under increased monitoring এবং High-risk jurisdictions subject to a call for action এর অন্তর্ভুক্ত বা, গ্রাহক কি ইউএন বা অন্য কোনো Sanctioned List এ তালিকাভুক্ত কি না:	
হ্যাঁ	৫
না	১

স্বচ্ছতা সংক্রান্ত ঝুঁকি	স্কোর
গ্রাহক কি অর্থের উৎসের বিশ্বাসযোগ্য তথ্য সরবরাহ করেছে:	
হ্যাঁ	১
না	৫

@letslearn
AnyScanner

৩.৭ CDD সম্পাদন করা সম্ভব না হলে ব্যাংকের করণীয়

- গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণের কারণে অথবা গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে অর্থাৎ গ্রাহক পরিচিতির সন্তোষজনক তথ্য প্রাপ্তি এবং তা যাচাই সাপেক্ষে CDD সম্পাদন করা সম্ভব না হলে ব্যাংক প্রয়োজনে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে পারবে :
  - ✓ ***ব্যাংক উক্তরূপ গ্রাহকের হিসাব খুলবে না, ব্যবসায়িক সম্পর্ক শুরু করবে না, লেনদেন সম্পাদন করবে না বা ব্যবসায়িক সম্পর্ক বাতিল করবে;***
  - ✓ শাখা উপর্যুক্ত হিসাব না খোলা বা বন্ধ করা সংক্রান্ত তথ্য সংরক্ষণপূর্বক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগে প্রেরণ করবে। প্রয়োজনে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ এসব তথ্য অন্যান্য সকল শাখার অবগতিতে নেয়ার ব্যবস্থা গ্রহণ করবে; এবং
  - ✓ ক্ষেত্রমত, এরূপ গ্রাহক, সম্ভব্য গ্রাহক, প্রত্যাখাত ব্যক্তি বা সত্তা সম্নন্ধে সন্দেহজনক লেনদেন বা সন্দেহজনক কার্যক্রম প্রতিবেদন দাখিলের বিষয়টি বিবেচনা করবে।
  - ✓ তবে সমাজের পশ্চাৎপদ বা এরূপ বিশেষ কোনো জনগোষ্ঠীর হিসাব খোলা ও পরিচালনায় বিএফআইইউ প্রযোজ্যক্ষেত্রে, সময়ে সময়ে, নির্দেশনা জারী করবে।

AnyScanner

৩.৮ গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence-EDD) :

- ব্যাংক কর্তৃক নিরূপিত উচ্চ ঝুঁকি সম্পন্ন (High Risk) গ্রাহকের ক্ষেত্রে নিম্নরূপে গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা বা EDD গ্রহণ করতে হবে :
  - ✓ নির্ভরযোগ্য ও নিরপেক্ষ উৎস থেকে গ্রাহক পরিচিতি সম্পর্কিত অতিরিক্ত তথ্যাদি সংগ্রহ;
  - ✓ হিসাব খোলার উদ্দেশ্য, হিসাবের অর্থ বা সম্পদের উৎস নিশ্চিত হওয়ার জন্য অধিকতর ব্যবস্থা গ্রহণ;
  - ✓ তাদের হিসাবের লেনদেন নিয়মিতভাবে অধিকতর পরীক্ষণ; এবং
  - ✓ প্রযোজ্য ক্ষেত্রে, ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ।

AnyScanner

What is CDD/KYC/EDD?

Customer Due Diligence (CDD)	*Know Your Customer (KYC)*	*Enhanced Due Diligence (EDD)*
Customer Due Diligence (CDD) বলতে বোঝাবে গ্রাহকের পরিচিতি কোন "স্বাধীন ও নির্ভরযোগ্য" উৎস হতে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে সংশ্লিষ্ট গ্রাহকের পরিচিতি নিশ্চিত করা। • *গ্রাহকে চিহ্নিত করা* • *গ্রাহকে যাচাই করা* • *গ্রাহকের প্রকৃত সুবিধাভোগী চিহ্নিত করা* • *গ্রাহকের আয়ের উৎস জানা*	**Know Your Customer (KYC)** বলতে বোঝাবে BFIU প্রদত্ত ফরমে গ্রাহকের যাচিত তথ্য-উপাত্তের ভিত্তিতে গ্রাহক পরিচিতি নিশ্চিত করে গ্রাহকের রিস্ক গ্রেডিং করা। • *উচ্চ ঝুঁকি ≥১৫* • *নিম্ন ঝুঁকি <১৫* **(CDD থেকেই KYC নম্বরের উৎপত্তি)**	**Enhanced Due Diligence (EDD)** বলতে বোঝাবে BFIU নির্দেশিত গ্রাহকের **(PEPs/IPs, High Risk Account)** অতিরিক্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে গ্রাহক পরিচিতি নিশ্চিত করা। **Beneficiary/Applicant এর country FATF কর্তৃক চিহ্নিত High-risk and non-cooperative jurisdictions** এর অন্তর্ভুক্ত হলে EDD করতে হবে। • *সম্পদের তথা আয়ের উৎসের তথ্য জানা* **EDD = CDD+KYC+অতিরিক্ত তথ্য-উপাত্তের দলিলাদি (ট্যাক্স রিটার্ন, হিসাব বিবরনী, CPV)**
FATF Recommendation 10, 17; Basel Committee on Banking Supervision 2001 & BFIU	***Basel Committee on Banking Supervision 2001 & BFIU***	***FATF Recommendation 12, 13 & BFIU***

@letslearn

AnyScanner

৩.৯ প্রভাবশালী ব্যক্তির (Influential Persons:IPs) ক্ষেত্রে করণীয় :

- কোন প্রভাবশালী ব্যক্তি (Influential Persons:IPs) উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে তার হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের ৩.৮ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রভাবশালী ব্যক্তি বলতে "individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials" কে বুঝাবে।

@letslearn

AnyScanner

৩.১০ পলিটিক্যালি এক্সপোজড পার্সন (Politically Exposed Persons -PEPs) এর ক্ষেত্রে করণীয়:

- PEPs এর হিসাব খোলা ও পরিচালনায় প্রযোজ্য ক্ষেত্রে, এ সার্কুলারে বর্ণিত প্রযোজ্য নির্দেশনা অনুসরণের পাশাপাশি নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণ করতে হবে :

১) ব্যাংককে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী PEPs কিনা তা নির্ধারণ করার জন্য উপযুক্ত পদ্ধতি গ্রহণ (যেমনঃ উন্মুক্ত তথ্যের উৎস, বিভিন্ন ডাটাবেজ ব্যবহার ইত্যাদি);

২) PEPs এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন বা বিদ্যমান সম্পর্ক অব্যাহত রাখার ক্ষেত্রে ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ;

৩) উপরোক্ত (১) ও (২) এ বর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করা ছাড়াও এ সার্কুলারের ৩.৮ অনুচ্ছেদের (১) হতে (৩) দফায় বর্ণিত গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ; এবং

৪) PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও উপরে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। এ অনুচ্ছেদে উল্লিখিত 'PEPs' হিসেবে কোনো মধ্যম বা অধঃস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবে না।

AnyScanner

৩.১১ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয় :

(ক) কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে তাঁর হিসাব খোলা ও পরিচালনায় এ সার্কুলারের ৩.৮ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে (এক্ষেত্রে উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলতে উক্ত সংস্থার গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত পরিচালক, উপপরিচালক, বোর্ডের সদস্য বা সমপর্যায়ের কর্মকর্তাদের বুঝাবে)।

- অনুচ্ছেদ ৩.৯, ৩.১০ ও ৩.১১ এর বিধিবিধান পরিপালনের ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidance Notes on Politically Exposed Persons (PEPs) for all Reporting Organizations এ বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

@letslearn

AnyScanner

PEPs & IPs

Before opening any PEP's or IP's account
first EDD & after that approval should be taken from CAMLCO

- PEPs (Politically Exposed Persons): Individuals who are or have been entrusted with prominent public by a foreign country, for example, head of state or the government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporation, important political party officials. Example, ***Mr. Narendra Modi (PM of India), Mr. Suvendu Adhikari,*** (CM of Kolkata), General Min Aung Hlaing (Mayanma), **Mr. Pranay Kumar Verma** (Indian High Commissioner to Bangladesh), **Mr.** is **Brent T. Christensen**(US Ambassador to Bangladesh), **Ms. Sarah Cooke**(UK Ambassador to Bangladesh), etc.
- Influential Persons (প্রভাবশালী ব্যাক্তি) : যারা নিজ দেশের
  - সরকার প্রধান ও ডেপুটি প্রধান
  - ক্ষমতাসীন দলের সিনিয়র সদস্য
  - মন্ত্রি, প্রতিমন্ত্রি, উপমন্ত্রি
  - পার্লামেন্ট সদস্য
  - প্রধান প্রধান রাজনৈতিক দলের পরিচালনা পষর্দের সদস্য
  - সচিব, অতিরিক্ত সচিব ও যুগ্ম সচিব
  - সুপ্রিম কোর্টের বিচারক বা যে বিচারকের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা যায় না
  - কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর, ডেপুটি গভর্নর, নির্বাহী পরিচালক ও মহাব্যবস্থাপকগন
  - সশস্ত্র বাহিনী প্রধান ও গোয়েন্দা সংস্থার প্রধানগন
  - সরকার পরিচালিত এন্টারপ্রাইজের প্রধানগন
  - স্থানীয় রাজনৈতিক দলের পরিচালনা পষর্দের প্রধানগন
  - রাষ্ট্রদূত ও অন্যান্য সিনিয়র কূটনৈতিকগন
  - সিটি কর্পোরেশনের মেয়র ও পৌরসভার প্রধানগন
  - সরকার পরিচালিত জাতীয় রাজনৈতিক ও অর্থনৈতিক গুরুত্বপূর্ন প্রতিষ্ঠানের বোর্ড সদস্যবৃন্দ

AnyScanner

৩.১৩ করেসপন্ডেন্ট ব্যাংকিং (Correspondent Banking) সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে করণীয় :

- ব্যাংকিং ব্যবস্থা যাতে মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নে ব্যবহৃত হতে না পারে সে জন্য আন্তঃদেশীয় করেসপন্ডেন্ট ব্যাংকিং (Cross Border Correspondent Banking) সম্পর্ক স্থাপন ও তা অব্যাহত রাখার ক্ষেত্রে নিম্নের নির্দেশনাসমূহ পরিপালন করতে হবে :
  - করেসপন্ডেন্ট ব্যাংকিং সেবা প্রদানের পূর্বে পরিশিষ্ট-"খ" মোতাবেক তথ্যাদি সংগ্রহপূর্বক করেসপন্ডেন্ট বা রেসপন্ডেন্ট ব্যাংকের ব্যবসায়ের প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হয়ে প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার
- অনুমোদন গ্রহণ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে, পরিশিষ্ট-"খ" মোতাবেক তথ্যাদির অতিরিক্ত হিসেবে উন্মুক্ত উৎস (Open Source) হতেও প্রয়োজনীয় তথ্য সংগ্রহ;
  - করেসপন্ডেন্ট বা রেসপন্ডেন্ট ব্যাংকটি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কার্যকরভাবে তদারকী করা হয়, এ ব্যাপারে সন্তুষ্টি সাপেক্ষেই কেবলমাত্র কোনো বিদেশী ব্যাংকের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা বা বজায় রাখা;
  - কোনো Shell Bank এর সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না বা বজায় রাখা যাবে না;
  - ব্যাংককে নিশ্চিত হতে হবে যে, রেসপন্ডেন্ট ব্যাংক কোন Shell Bank কে সেবা প্রদান করছে না বা সম্পর্ক বজায় রাখছে না।

@letslearn

AnyScanner

৩.১৩ করেসপন্ডেন্ট ব্যাংকিং (Correspondent Banking) সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে করণীয় :

- যে সব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমন: ফাইন্যান্সিয়াল এ্যাকশন টাস্কফোর্সের Jurisdictions under Increased Monitoring এবং High-Risk Jurisdictions subject to a Call for Action হিসেবে তালিকাভুক্ত দেশ) সে সব দেশের ব্যাংকের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন বা বজায় রাখার বিষয়ে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে FATF আরোপিত Counter Measures বাস্তবায়নের উপযুক্ত ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসব ব্যাংকের প্রকৃত সুবিধাভোগী এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে তাদের নীতি ও পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে হবে;
- যে সকল রেসপন্ডেন্ট ব্যাংক তাদের গ্রাহকদেরকে করেসপন্ডেট ব্যাংকের মাধ্যমে সরাসরি লেনদেন সম্পাদন করার সুযোগ প্রদান করে থাকে (অর্থাৎ Payable through accounts) তাদের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে -
  - রেসপন্ডেন্ট ব্যাংক কর্তৃক তাদের গ্রাহকের CDD যথাযথভাবে সম্পাদন করার বিষয়টি নিশ্চিত হতে হবে; এবং
  - করেসপন্ডেট ব্যাংকের অনুরোধের প্রেক্ষিতে রেসপন্ডেন্ট ব্যাংক কর্তৃক সংশিষ্ট্ট গ্রাহকের CDD বিষয়ক তথ্যাদি সরবরাহ করা সম্ভব মর্মে নিশ্চিত হতে হবে।

- (৭) বিদ্যমান সকল করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক সময় সময় পুনর্মূল্যায়ন করতে হবে এবং উক্ত ক্ষেত্রেও এ সার্কুলারে বর্ণিত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।

@letslearn

AnyScanner



@letslearn

AnyScanner

Wolfsberg Correspondent Banking Due Diligence Questionnaire (CBDDQ)

Area	*Information requested*
1. Entity and ownership	Legal name, registration, ownership and structure
2. Products and services	Banking products, payment services and correspondent activities
3. AML/CFT governance	Board oversight, senior management and compliance responsibilities
4. Risk assessment	Enterprise-wide financial crime risk assessment
5. AML, CTF and sanctions	Policies, procedures and regulatory compliance
6. Customer due diligence	CDD, EDD, PEPs and higher-risk customers
7. Anti-bribery and corruption	ABC policies, controls and training

AnyScanner

৩.১৪ এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত নির্দেশনা :

- মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত প্রযোজ্য সকল নির্দেশনা পরিপালনের দায়ভার এজেন্টের পাশাপাশি সম্পূর্ণরূপে সংশিষ্ট ব্যাংকের উপর বর্তাবে;
- এজেন্ট ও গ্রাহকের সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম শনাক্তকরণ ও রিপোর্ট করণে সচেতন থাকা;
- এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত কমপ্লায়েন্স প্রোগ্রামের মধ্যে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম অন্তর্ভুক্ত করা ও এজেন্টদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং
  - এজেন্ট নিয়োগ ও তাদের কার্যক্রম মনিটরিং এর জন্য নিম্নে ক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে :
    - এজেন্ট নির্বাচনে যথাযথ যাচাই বা বাছাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণপূর্বক তাদের পূর্ণাঙ্গ ও সঠিক পরিচিতি নিশ্চিত করণ;
    - এজেন্টদের লেনদেনের পরিমাণ ও সংখ্যা, ভৌগলিক অবস্থান, ব্যবসায় ও মালিকানার প্রকৃতি এবং অন্যান্য যুক্তিযুক্ত বিষয়াবলী বিবেচনায় নিয়ে তাদের ঝুঁকির স্তর (উচ্চ, মধ্যম ও নিম্ন নির্ধারণ এবং নিরূপিত ঝুঁকির স্তর বিবেচনায় নিয়ে এজেন্টদের লেনদেন ও কার্যক্রম তদারকি করণ;
    - প্রতিষ্ঠান কর্তৃক ঝুঁকির স্তর নির্ধারণের কাজটি নিয়মিতভাবে (On-going) সম্পন্ন করণ;

@letslearn

AnyScanner

৩.১৪ এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত নির্দেশনা :

- এজেন্টদের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত পরিপালন অবস্থা যাচাই করণ;
- বার্ষিক ভিত্তিতে উচ্চ ঝুঁকি সম্পন্ন এজেন্টদের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ পরিপালন অবস্থা যাচাইয়ের নিমিত্ত পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম পরিচালনাকরণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগে প্রেরণ;
- মধ্যম ও নিম্ন ঝুঁকি সম্বলিত এজেন্টদের পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত বিরতিতে সম্পন্নকরণ;
- এজেন্টদের হালনাগাদ (জানুয়ারি-জুন ভিত্তিক) তালিকা নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ;
- বিভিন্ন অভিযোগ/অনিয়মের ভিত্তিতে বাতিলকৃত এজেন্টদের একটি আলাদা তালিকা (জানুয়ারি-জুন ভিত্তিক) নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ; এবং
- এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines on e-KYC এর প্রযোজ্য নির্দেশনা অনুসরণ করা যাবে
- যাচাই প্রক্রিয়া এর মধ্যে নিয়োগের জন্য নিবাচিত এজেন্টের ব্যক্তিগত তথ্যাবলী এবং অপরাধমূলক কাজের সম্পৃক্ততা আছে কিনা তা যাচাইয়ের বিষয়াবলী অন্তর্ভুক্ত থাকবে।

AnyScanner

৩.১৫ সশরীরে অনুপস্থিত গ্রাহকের (Non face to face customer) ক্ষেত্রে করণীয় :

✓ব্যাংক তাদের সশরীরে অনুপস্থিত গ্রাহকের হিসাব খোলা বা সেবা প্রদানের ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ এবং ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে।

✓এ ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines on e-KYC এর নির্দেশনা অনুসরণ করা যাবে।

✓ উল্লেখ্য, সশরীরে অনুপস্থিত গ্রাহক বলতে ঐ সকল গ্রাহককে বুঝাবে যারা ব্যাংক শাখায় সশরীরে উপস্থিত না হয়ে ইন্টারনেটের মাধ্যমে, ব্যাংকের এজেন্টের মাধ্যমে বা নিজের পেশাদার প্রতিনিধির (আইনজীবী, একাউন্ট্যান্ট ইত্যাদি) মাধ্যমে হিসাব খুলে থাকে এবং/অথবা লেনদেন পরিচালনা করে থাকে।

@letslearn

AnyScanner

৩.১৬ নতুন সেবা বা প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে করণীয় :

- ব্যাংক কর্তৃক প্রযুক্তি নির্ভর নতুন কোনো পণ্য বা সেবা বা প্রযুক্তি (যেমন, ইন্টারনেট ব্যাংকিং, ইলেকট্রনিক কার্ড, ইকেওয়াইসি, সুইফট্ ট্রানজাকশন প্ল্যাটফর্ম ইত্যাদি) প্রচলন বা প্রচলিত পণ্য বা সেবা বা প্রযুক্তির উন্নয়নের ক্ষেত্রে উক্ত পণ্য বা সেবা বা প্রযুক্তির মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি চিহ্নিত করবে; তার মাত্রা নিরূপণ করবে এবং এরূপ পণ্য বা সেবা বা প্রযুক্তি হতে সৃষ্ট ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।
- উল্লেখ্য, আলোচ্য ব্যবস্থাদি নতুনরূপে উদ্ভাবিত পণ্য বা সেবা বা প্রযুক্তির প্রচলন বা উন্নয়নকৃত পণ্য বা সেবা বা প্রযুক্তির প্রচলনের পূর্বেই গ্রহণ করতে হবে।

AnyScanner

৩.১৭ গোপনীয়তা রক্ষা :

- সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম শনাক্তকরণ ও রিপোর্টকরণ সংক্রান্ত সংশিষ্ট তথ্যাদির বিষয়ে ব্যাংক গোপনীয়তা নিশ্চিত করবে এবং বিভিন্ন সময়ে বিএফআইইউ কর্তৃক যাচিত তথ্যের যথাযথ গোপনীয়তাও নিশ্চিত করবে।
- এ বিষয়ে বিএফআইইউ কর্তৃক ২২/০৪/২০১৮ তারিখে জারীকৃত সার্কুলার লেটার নম্বর-১ এ বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে।

@letslearn

AnyScanner

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং: ২/২০১৮

তারিখ: ১ বৈশাখ, ১৪২৫ / ২২ এপ্রিল, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

@letslearn

তথ্যের গোপনীয়তা সংরক্ষণে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয় নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।

মানিলন্ডারিং প্রতিরোধ আইন ও বিধিমালার আলোকে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর সাথে বিনিময়কৃত তথ্যাদি গোপনীয় বিবেচনায় উক্ত তথ্যের গোপনীয়তা রক্ষার ব্যর্থতা আইনত দন্ডনীয়। তথ্যের গোপনীয়তা সংরক্ষণের জন্য মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিপালনের নিমিত্তে

AnyScanner

ক) আর্থিক প্রতিষ্ঠান ও বিএফআইইউ এর মধ্যে যোগাযোগের কোনো তথ্য প্রকাশ করা যাবে না। আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের শাখা বা বিভাগ হতে বিএফআইইউ এর যাচনা মোতাবেক গ্রাহকের হিসাব সংক্রান্ত তথ্য, দলিলাদি বা সংশ্লিষ্ট অতিরিক্ত তথ্য বা দলিলাদি সংগ্রহের ক্ষেত্রে বিএফআইইউ এর পত্রের রেফারেন্স, পত্রের অনুলিপি (পত্র সংযুক্তিসহ) বা ই-মেইল শাখা বা বিভাগে সরবরাহ করা যাবে না অথবা বিএফআইইউ এর নাম উল্লেখ করা যাবে না;

খ) হিসাব অবরুদ্ধকরণ বা লেনদেন স্থগিতকরণ সংক্রান্ত বিএফআইইউ এর আদেশের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিএফআইইউ এর পত্রে উল্লিখিত আইনের ধারা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে পারবে। তবে বিএফআইইউ এর পত্রের রেফারেন্স বা পত্রের অনুলিপি শাখায় সরবরাহ করা যাবে না;

গ) উপর্যুক্ত ক ও খ নম্বর অনুচ্ছেদ বাস্তবায়নে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় প্রয়োজনে আলাদা অফিস আদেশ জারী করতে পারে;

ঘ) বিএফআইইউ কর্তৃক প্রেরিত সকল পত্রের বা Message এর জবাব goAML Message Board ব্যবহার করে প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিএফআইইউ কর্তৃক প্রেরিত যে পত্র বা Message এর জবাব প্রেরণ করবে সেই নির্দিষ্ট Message টি খুলে 'Reply' Button ব্যবহার করে জবাব প্রদান করবে। এ ইউনিটের কোনো কর্মকর্তার দাপ্তরিক ই-মেইল হতে প্রেরিত পত্র বা ই-মেইলের জবাব সংশ্লিষ্ট কর্মকর্তার দাপ্তরিক ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে;

ঙ) বিএফআইইউ কর্তৃক যাচিত বিষয়ে কোনো তথ্য না থাকলে কোনো হার্ড কপি প্রেরণ করতে হবে না, শুধুমাত্র goAML

AnyScanner

৪। বিদেশে অবস্থিত ব্যাংক শাখা ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে করণীয় :

১) প্রতিটি ব্যাংক বিদেশে অবস্থিত তাদের শাখা ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও উক্ত আইনের আওতায় জারীকৃত বিধিমালায় বর্ণিত বিধানাবলী এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলীর যথাযথ পরিপালন নিশ্চিত করবে;

২) বিদেশে অবস্থিত শাখা বা সাবসিডিয়ারী প্রতিষ্ঠান যদি কোনো কারণে ৪(১) এ বর্ণিত নিদের্শ না যথাযথভাবে পরিপালনে অসমর্থ হয় তবে উক্ত প্রতিষ্ঠান মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনার জন্য প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করবে এবং অপারগতার কারণ অবিলম্বেবিএফআইইউকে অবহিত করবে; এবং

৩) এই সার্কুলারে বর্ণিত নির্দেশনা বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যাংকের Off-Shore Banking Unit (OBU) ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

AnyScanner

৫। লেনদেন পরীক্ষণ :

সন্দেহজনক লেনদেন শনাক্তকরণে লেনদেন পরীক্ষণের গুরুত্ব বিবেচনায় প্রতিটি ব্যাংককে অত্যন্ত সচেতনতা ও সতর্কতার সাথে গ্রাহকের লেনদেনসমূহ পরীক্ষণের ক্ষেত্রে নীচের বিষয়গুলো তদারকীর আওতায় আনতে হবে :

১) প্রতিটি ব্যাংক গ্রাহকের লেনদেন নিয়মিতভাবে ম্যানুয়েল এবং/অথবা অটোমেটেড পদ্ধতিতে তদারকি;

২) সকল জটিল, অস্বাভাবিক এবং আপাতদৃষ্টিতে যে সকল লেনদেনের কোনো আর্থিক বা দৃষ্টিগ্রাহ্য বৈধ উদ্দেশ্য নেই এরূপ লেনদেন অধিকতর গুরুত্ব সহকারে পর্যালোচনাপূর্বক সন্দেহজনক লেনদেন/কার্যক্রম শনাক্তকরণের উদ্যোগ গ্রহণ করবে। এছাড়াও সন্দেহজনক লেনদেন/কার্যক্রম শনাক্তকরণের নিমিত্ত Guidance on Reporting Suspicious Transaction ও Guidelines for Prevention of Trade Based Money Laundering এ বর্ণিত নির্দেশকসমূহ বিবেচ্য হবে;

৩) লেনদেন পরীক্ষণের ক্ষেত্রে শাখায় মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, ধারা ২(ফ)(ঈ) এ বর্ণিত কার্যক্রম (Structuring) সংগঠিত হচ্ছে কি না ব্যাংকসমূহ তা শনাক্তকরণে সচেষ্ট থাকা;

@letslearn

AnyScanner

৫। লেনদেন পরীক্ষণ :

৪) লেনদেন পরীক্ষণের ক্ষেত্রে সকল প্রকার বৈদেশিক মুদ্রা র লেনদেন ও ইলেকট্রনিক উপায়ে সংঘটিত সকল লেনদেনসমূহও বিবেচনা; এবং

৫) লেনদেন পরীক্ষণের ক্ষেত্রে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সংশিষ্ট্ট রেজুলেশন, বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সংগঠন, এবং যে সব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে সেই সংক্রান্ত বিষয়াবলী বিবেচনায় নেয়া।

@letslearn

AnyScanner

৬। নগদ লেনদেন বিবরণী দাখিল (Cash Transaction Report-CTR) :

- বিএফআইইউ বরাবরে নগদ লেনদেন *বিবরণী* দাখিল করার ক্ষেত্রে ব্যাংকসমূহকে নিম্নোক্ত বিষয়াবলী অনুসরণ করতে হবে :

১) ***প্রতিটি ব্যাংক শাখাসমূহের পূর্ববর্তী মাসের জনন্দিন লেনদেন পরীক্ষা করে কোনো একটি হিসাবে কোনো একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে জমা বা উত্তোলনের (অনলাইন, এটিএমসহ যে কোনো ধরণের নগদ জমা বা উত্তোলন) পরিমাণ যদি ১০(দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব অর্থের বা সমমূল্যের বৈদেশিক মুদ্রা য় হয় তবে তা স্ব স্ব মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ এর মাধ্যমে মাসিক ভিত্তিতে বিএফআইইউ বরাবরে নগদ লেনদেন বিবরণী হিসেবে দাখিল;***

২) প্রতি মাসের নগদ লেনদেন বিবরণী পরবর্তী মাসের ২১ তারিখের মধ্যে মড়অগখ বিন ব্যবহার করে goAML Manual (http://www.bb.org.bd/eservices.php ওয়েবলিংক হতে goAML সংশ্লিষ্ট প্রয়োজনীয় document ডাউনলোড করা যাবে) এর নির্দেশনা মোতাবেক নির্ভুলভাবে দাখিল;

৩) নগদ লেনদেন বিবরণী নিয়মিতভাবে পর্যালোচনান্তে কোনো সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত হলে সন্দেহজনক লেনদেন রিপোর্ট হিসেবে বিএফআইইউ বরাবর দাখিল;

AnyScanner

৬। নগদ লেনদেন বিবরণী দাখিল (Cash Transaction Report-CTR) :

৪) শাখার নগদ লেনদেন বিবরণী মাসিক ভিত্তিতে সংশিষ্ট শাখায় সংরক্ষণ (তবে কোনো ব্যাংক কর্তৃক এ সংক্রান্ত তথ্য কেন্দ্রী য়ভাবে সংরক্ষণ করা হলে, প্রয়োজনে তাতে শাখার প্রবেশাধিকার থাকতে হবে);

৫) সরকারি হিসাব (বিভিন্ন মন্ত্রণালয়, স্থানীয় সরকার ও সরকারী বিভিন্ন বিভাগ), সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান, আধা সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাবে নগদ জমার ক্ষেত্রে নগদ লেনদেন বিবরণী দাখিল করার প্রয়োজন হবে না, তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে যথানিয়মে নগদ লেনদেন বিবরণী দাখিল করতে হবে;

৬) স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের বেতনাদি/টিউশন ফি এবং সরকারী ইউটিলিটি বিল (বিদ্যুৎ, পানি, গ্যাস ইত্যাদি) এর অর্থ সংগ্রহের উদ্দেশ্যে পরিচালিত কোনো হিসাবে নগদ জমার ক্ষেত্রে নগদ লেনদেন বিবরণী দাখিল করার প্রয়োজন নেই। তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে নগদ লেনদেন বিবরণী দাখিল করতে হবে; এবং

৭) আন্তঃব্যাংক এবং অন্তঃশাখা নগদ লেনদেনের ক্ষেত্রে নগদ লেনদেন বিবরণী দাখিল করার প্রয়োজন হবে না।

AnyScanner

Structuring?

- **ধারা ২(ফ) ঈ : "মানিলন্ডারিং" অর্থ**

➢ *কোন আর্থিক লেনদেন এইরূপভাবে সম্পন্ন করা বা আড়াল করিবাব চেষ্টা করা যাহাতে এই আইনের অধীন রিপোর্ট করিবার প্রয়োজন হইবে না;*

@letslearn

AnyScanner

৭। সন্দেহজনক লেনদেন প্রতিবেদন (Suspicious Transaction Report-STR) :

বিএফআইইউ বরাবরে সন্দেহজনক লেনদেন প্রতিবেদন দাখিল করার ক্ষেত্রে ব্যাংকসমূহ নিম্নোক্ত বিষয়াবলী অনুসরণ করবে :

১) মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত ব্যাংকের সকল কর্মকর্তা গ্রাহকের দৈনন্দিন লেনদেন বা কার্যক্রমে সন্দেহজনক লেনদেন শনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবে;

২) সন্দেহজনক লেনদেন শনাক্তকরণে ব্যাংক কর্মকর্তাগণ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(য) ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনায় নিবে;

৩) ব্যাংক শাখার কোনো কর্মকর্তা কর্তৃক সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিত হওয়ার সাথে সাথে তা শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করতে হবে। শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা রিপোর্টকৃত লেনদেন বা কার্যক্রম অবিলম্বে যথাযথভাবে বিশ্লেষণ করবে এবং পর্যবেক্ষণসমূহ বিশদভাবে লিপিবদ্ধ করে সংরক্ষণ করবে। বর্ণিত লেনদেন বা কার্যক্রমটি সন্দেহজনক হিসেবে বিবেচিত হলে তা অবিলম্বে প্রয়োজনীয় দলিলাদিসহ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগে প্রেরণ করবে;

AnyScanner

৭। সন্দেহজনক লেনদেন প্রতিবেদন (Suspicious Transaction Report-STR) :

৪) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ শাখা হতে প্রাপ্ত সন্দেহজনক লেনদেন বা কার্যক্রমটি যথাযথভাবে ও প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদি সন্নিবেশ করে রিপোর্ট করা হয়েছে কি না তা পর্যালোচনাপূর্বক, প্রযোজ্য ক্ষেত্রে সংশিষ্ট্ট অতিরিক্ত তথ্য (যদি থাকে) সংযোজনপূর্বক অবিলম্বে goAML web ব্যবহার করে এবং goAML Manual এর নির্দেশনা অনুসারে সন্দেহজনক লেনদেন /কার্যক্রম প্রতিবেদন দাখিল করবে;

৫) শাখা পর্যায়ে কোনো লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক হিসেবে চিহ্নিত না হলেও মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ কর্তৃক কোনো লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক প্রতীয়মান হলে তা সন্দেহজনক লেনদেন প্রতিবেদন হিসেবে দাখিল করবে;

৬) ব্যাংক সন্দেহজনক লেনদেন/কার্যক্রম প্রতিবেদন এর তথ্যাদি বিএফআইইউ কর্তৃক পরবর্তী নিদের্শনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে; এবং

৭) ব্যাংক সন্দেহজনক লেনদেন/কার্যক্রম শনাক্ত ও রিপোর্ট করার ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidance on Reporting Suspicious Transaction এর নির্দেশনা অনুসরণ করবে।

AnyScanner



@letslearn

AnyScanner

Why SAR/STR?

FATF Recommendation 20

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (সংশোধনী ২০১৫) ধারা: ২৫

(মানিলন্ডারিং অপরাধ প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়- দায়িত্ব)

(ঘ) ধারা: ২ (য) "সন্দেহজনক লেনদেন" অর্থ এইরুপ লেনদেন-

১) যাহা স্বভাবিক লেনদেন হইতে ভিন্ন

২) যেই লেনদেন সম্পর্কে এরূপ ধারনা হয় যে,

ক) ইহা কোন অপরাধ হইতে অর্জিত সম্পদ,

খ) ইহা কোন সন্ত্রাসী কার্যে, সন্ত্রাসী সংগঠনকে বা কোন সন্ত্রাসীকে অর্থায়ন;

৩) যাহা এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক জারীকৃত নির্দেশনায় বর্ণিত অন্য কোন লেনদেন বা লেনদেনের প্রচেষ্টা; এ সংজ্ঞায়িত কোন "সন্দেহজনক লেনদেন" বা লেনদেনের প্রচেষ্টা পরিলক্ষিত হইলে স্ব-উদ্যোগে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে অবিলম্বে "সন্দেহজনক লেনদেন রিপোর্ট" করা।

- মাস্টার সার্কুলার-১০ এর পরিশিষ্ট গ ফরম "সন্দেহজনক লেনদেন রিপোর্ট" দাখিলে ব্যবহার করতে হবে।

AnyScanner

ইলেক্ট্রনিক কেওয়াইসি (e-KYC) Guideline

BFIU Circular 25

- **ইলেক্ট্রনিক কেওয়াইসি (e-KYC) উদ্দেশ্য:**

➢ ইলেক্ট্রনিক কেওয়াইসি (e-KYC) নীতিমালা এর প্রধান ও প্রথম উদ্দেশ্য হচ্ছে দ্রুত গ্রাহকের পরিচিতি যাচাই করে গ্রাহককে অনবোর্ড করা, যার ফলে সময় ও সংশ্লিষ্ট খরচেও সাশ্রয় হবে। প্রচলিত প্রথা থেকে e-KYC এর মাধ্যমে গ্রাহক অনবোর্ডে প্রাতিষ্ঠানিক খরচ কমে যাবে ও গ্রাহক সংগ্রহের পরিধিরও প্রসার ঘটবে।

❑ **গ্রাহক লক্ষ্যমাত্রার ধরন: আর্থিক অন্তর্ভূক্তি**

- সহজতর সতর্কতামূলক ব্যবস্থা **(Simplified Due Diligence)**
- ছাত্র, কৃষক, সামাজিক নিরাপত্তার হিসাব ও **No Frill Account**

❑ **ইলেকট্রনিক গ্রাহক অনবোর্ডিং-এ e-KYC-এর মাধ্যমে বহুবিধ কার্যক্রম করা যায়-**

- তথ্য গ্রহণ ও তথ্য প্রস্তুতকরণ
- পরিচিতি যাচাই
- বিভিন্ন ধরনের স্যাঙ্কশন তালিকা যাচাই
- হিসাব খোলা
- গ্রাহক প্রোফাইল করা
- গ্রাহকের ঝুঁকি নিরুপণ করা



@letslearn

AnyScanner

E-KYC Circular 2020 Vs 2026

→ “Digital Access”



→ “Digital + Intelligent + Risk-Based Compliance Ecosystem”

@letslearn

AnyScanner

৮। সেল্‌ফ এ্যাসেসমেন্ট ও ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং :

- মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকরি ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্‌ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন বিশ্লেষণ এবং ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং যথাযথভাবে সম্পন্ন করার জন্য উক্ত বিভাগে এতদসংক্রান্ত অভিজ্ঞ কর্মকর্তা বহাল করতে হবে।

@letslearn

AnyScanner

৮.১ শাখাসমূহের করণীয় :

১) সেল্‌ফ এ্যাসেসমেন্ট এর জন্য নির্ধারিত চেকলিষ্ট (পরিশিষ্ট- 'গ') এর উপর ভিত্তি করে ষান্মাসিক ভিত্তিতে প্রতিটি শাখা নিজেদের মূল্যায়ন করবে;

২) আলোচ্য মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে শাখার সংশিষ্ট্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন করবে। সভায় শাখা মূল্যায়ন প্রতিবেদনের খসড়ার উপর আলোচনা এবং তদপ্রেক্ষিতে চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভবপর না হলে তা প্রতিবেদনে উল্লেখপূর্বক সমস্যা সমাধানকল্পে প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগে প্রেরণ করবে এবং উদ্‌ঘাটিত সমস্যাসমূহ সমাধানে প্রধান কার্যালয়ে প্রেরিত সুপারিশমালার অগ্রগতি পরবর্তী ত্রৈমাসিক সভাতে আলোচনা করবে।

@letslearn

AnyScanner

শাখা কর্তৃক Self Assessment পদ্ধতির মাধ্যমে নিজস্ব শাখার নিজস্ব অবস্থান নির্ণয়



প্রশ্নমালা	যাচাইয়ের মানদন্ড	শাখার বর্তমান অবস্থা	গৃহীত কার্যক্রম/সুপারিশ

মাস্টার সার্কুলার-২৬ (জুন ১৬, ২০২০)

প্রশ্নমালা	যাচাইয়ের মানদন্ড	শাখার বর্তমান অবস্থা	গৃহীত কার্যক্রম/সুপারিশ

AnyScanner

৮.২ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয় :

১) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্‌ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন যাচাই করে কোনো শাখায় কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শনের ব্যবস্থা করবে এবং বিষয়টি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগকে অবহিত করবে;

২) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের নিজস্ব ও নিয়মিত বার্ষিক পরিদর্শন/নিরীক্ষা কর্মসূচী অনুসারে বিভিন্ন শাখার পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম সম্পাদনকালে ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং প্রসিডিউর এর নির্ধারিত চেকলিষ্টের (পরিশিষ্ট- **"ঘ"**)–ভিত্তিতে সংশিষ্ট শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশিষ্ট বিষয়াদি পরীক্ষা করবে ও শাখার রেটিং নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট শাখায় প্রতিবেদন আকারে প্রেরণ করবে। এছাড়া, নিয়মিত বার্ষিক পরিদর্শন/নিরীক্ষা কর্মসূচীর অতিরিক্ত কমপক্ষে ১০% (দশ শতাংশ) শাখায় ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং প্রসিডিউর এর নির্ধারিত চেকলিষ্ট (পরিশিষ্ট- **"ঘ"**)-এর ভিত্তিতে পৃথক পরিদর্শন কর্মসূচী পরিচালনাপূর্বক সংশিষ্ট শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংক্রান্ত পরিপালনীয় বিষয়াদি পরীক্ষা করবে ও শাখার রেটিং নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রণয়ন করবে;

@letslearn

AnyScanner

৮.২ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয় :

৩) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পরিদর্শিত/নিরীক্ষিত শাখাসমূহের রেটিং সম্বলিত প্রতিবেদনের কপি ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ বরাবরে প্রেরণ করবে; এবং

৪) এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত ব্যাংকসমূহের ক্ষেত্রে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের এজেন্টদের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশিষ্ট বিষয়াদির পরিপালন অবস্থা যাচাইয়ের নিমিত্ত বার্ষিক ভিত্তিতে ন্যূনতম ৫% (পাঁচ শতাংশ) এজেন্টের উপর পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে এবং এ সংক্রান্ত প্রতিবেদনের কপি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগে প্রেরণ করবে।

@letslearn

AnyScanner

৮.৩। মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগের করণীয়:

(১) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্‌ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন এবং ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন/নিরীক্ষা প্রতিবেদনের উপর ভিত্তি করে বিবেচ্য ষান্মাসিকে পরিদর্শিত শাখাসমূহের চেকলিস্ট ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন (এ সার্কুলারের অনুচ্ছেদ ১.৩(২) এ উল্লিখিত প্রতিবেদনের অনুরূপ) প্রস্তুত করবে। উক্ত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নের বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

ক. মোট শাখার সংখ্যা এবং শাখা হতে প্রাপ্ত মোট সেল্‌ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদনের সংখ্যা;

খ. অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক পরিদর্শিত/নিরীক্ষিত শাখার সংখ্যা এবং শাখাসমূহের অবস্থ (শাখাওয়ারী প্রাপ্ত নম্বর);

গ. প্রাপ্ত সেল্‌ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদনে অধিক সংখ্যক শাখায় একই ধরণের যে সকল অনিয়মের বিষয় উল্লেখ রয়েছে তা উল্লেখপূর্বক ঐ সকল অনিয়ম রোধে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ কর্তৃক ব্যবস্থা গ্রহণ;

AnyScanner

৮.২ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয় :

ঘ. অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত সাধারণ ও বিশেষ অনিয়মসমূহ এবং

ঙ. ঐ সকল অনিয়ম রোধে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ কর্তৃক ব্যবস্থা গ্রহণ; এবং প্রাপ্ত রিপোর্টে "অসন্তোষজনক" ও "প্রান্তিক" হিসেবে মূল্যায়িত শাখাসমূহের পরিপালন নিশ্চিতকরণ ও রেটিং উন্নয়নকল্পে ব্যবস্থা গ্রহণ।

(২) শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্‌ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন যাচাই করে কোনো শাখায় কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শন বা অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে পরিদর্শনের ব্যবস্থা করবে এবং বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের নজরে আনবে।

AnyScanner

Independent Testing Procedure (ITP)

সূত্র: পরিশিষ্ট-ঘ (বিএফআইইউ মাস্টার সার্কুলার-২৬)

ক্রমিক	পরিদর্শনের ক্ষেত্র	নম্বর
০১	BAMLCO এর মূল্যায়ন	৬
০২	গ্রাহক পরিচিতি (KYC)	২৬
০৩	লেনদেন মনিটরিং (Transaction Monitoring)	২৩
০৪	নগদ লেনদেন রিপোর্ট (CTR) ও সন্দেহজনক লেনদেন রিপোর্টিং (STR)	২০
০৫	মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ বরাবর বিবরণী দাখিল	৩
০৬	স্বনির্ধারণী পদ্ধতি (Self Assessment)	৫
০৭	AML/CFT বিষয়ে কর্মকর্তাদের জ্ঞান ও সচেতনতা	৪
০৮	রেকর্ড সংক্ষণ	৫
০৯	নিরীক্ষা, পরিদর্শন ও অন্যান্য	৮
১০	সর্বমোট	১০০

@letslearn

AnyScanner

৯। ওয়্যার ট্রান্সফার (Wire transfer) :

- **"ওয়্যার ট্রান্সফার (Wire transfer)"** বলতে এমন আর্থিক লেনদেনকে বুঝাবে যাতে কোনো আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুরোধে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ইলেক্ট্রনিক মাধ্যম ব্যবহার।

@letslearn

AnyScanner

৯.১ সকল ধরণের ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যাবলী গ্রহণ নিশ্চিতকরণ:

(১) আন্তঃদেশীয় *ওয়্যার ট্রান্সফার :*

- সাধারণ বা বিশেষ অনুমতির আওতায় অন্যূন ১,০০০(এক হাজার) বা তদূর্ধ্ব পরিমাণ মার্কিন ডলার বা সমমূল্যের অপরাপর বৈদেশিক মুদ্রায় আন্তঃদেশীয় ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারীর সঠিক তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং উক্ত তথ্য ইন্টারমিডিয়ারি/বেনিফিশিয়ারি ব্যাংকে প্রেরণ করবে। উক্ত তথ্যের মধ্যে আবেদনকারীর হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনির্দিষ্ট সুত্র নম্বর ***(Unique Transaction Reference Number)*** অন্তর্ভুক্ত থাকবে; যাতে পরবর্তীতে লেনদেনটি সহজে খুঁজে পাওয়া যায়। এছাড়াও বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্যের মধ্যে বেনিফিশিয়ারির হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনিদির্ষ্ট সুত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভুক্ত থাকবে; যাতে পরবর্তীতে লেনদেনটি সহজে খুঁজে পাওয়া যায়।

ক. (১)(ক) অনুচ্ছেদে বর্ণিত সীমার নীচের লেনদেনসমূহের ক্ষেত্রে আবেদনকারী ও বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্য (যা যাচাইয়ের প্রয়োজন হবে না) যেমন: নাম, ঠিকানা ইত্যাদি এবং হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনিদির্ষ্ট সুত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভূক্ত করবে; যাতে পরবর্তীতে লেনদেনটি সহজে খুঁজে পাওয়া যায়।

AnyScanner

৯.১ সকল ধরণের ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যাবলী গ্রহণ নিশ্চিতকরণঃ

গ. আন্তঃদেশীয় ওয়্যার ট্রান্সফার (Cross-border wire transfer) বলতে এরূপ আর্থিক লেনদেনকে বুঝাবে যে ক্ষেত্রে আবেদনকারী এবং বেনিফিশিয়ারি ভিন্ন দেশে অবস্থান করে। তাছাড়া পরস্পর সম্পর্কযুক্ত একাধিক ট্রান্সফারের ক্ষেত্রে ন্যূনপক্ষে একটি লেনদেন দেশের বাইরে সম্পাদিত হলে তাও আন্তঃদেশীয় ওয়্যার ট্রা ন্সফার মর্মে গণ্য হবে।

ঘ. আবেদনকারী (Applicant/originator) বলতে এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে (হিসাবধারী কিংবা হিসাবধারী নন) বুঝাবে যার অনুরোধের সূত্রে সংশিষ্ট্ট ব্যাংক বর্ণিত অয়্যার ট্রান্সফার কার্য সম্পাদন করে। আবেদনকারীর সঠিক তথ্য বলতে আবেদনকারীর নাম এবং ঠিকানা বা জাতীয় পরিচয়পত্র বা জন্মতারিখ সম্পর্কিত এরূপ তথ্যকে বোঝাবে যার সঠিকতা যাচাই করা হয়েছে।

@letslearn

AnyScanner

(২) অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফার :

ক. ব্যাংক কর্তৃক সম্পাদিত অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির পরিচিতি সংক্রান্ত তথ্য গ্রহণ ও যাচাইয়ের সময় এ সার্কুলারের অনুচ্ছেদ **৯.১.(১)** এ বর্ণিত প্রযোজ্য নির্দেশনাসমূহ পরিপালন করবে;

খ. ***ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহার করে ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে (পণ্য ও সেবা ক্রয় ব্যতীত) পরিশোধ সংক্রান্ত ইন্সট্রাকশন/বার্তায় উপরের ২(ক) এর অনুরূপ তথ্য সংরক্ষণ করবে; এবং***

গ. সরকারি, আধাসরকারি, বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনাসমূহের পরিপালন বাধ্যতামূলক নয়। আন্তঃব্যাংক লেনদেন কার্যক্রমের ক্ষেত্রে উপরের ২(ক) দফায় বর্ণিত নির্দেশনা পরিপালন অব্যাহতি যোগ্য মর্মে বিবেচিত হবে।

@letslearn

AnyScanner

৯.২ ওয়্যার ট্রান্সফার সংক্রান্ত অন্যান্য নির্দেশ না :

১) এতদসংশিষ্ট কার্যক্রম পরিচালনাকালে সংশিষ্ট সকল পক্ষকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত নির্দেশনা, এ ইউনিট কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা এবং এ সম্পর্কিত সব আইন ও বিধিবিধান যথারীতি অনুসরণ করবে; এবং

২) আন্তঃদেশীয় ওয়্যার ট্রান্সফার এবং অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে এ সার্কুলারের অনুচ্ছেদ (২) ও (১০) এ বর্ণিত নির্দেশনার পরিপালন করবে।

@letslearn

AnyScanner

৯.৩ অর্ডারিং, ইন্টারমিডিয়ারী ও বেনিফিশিয়ারি ব্যাংকের করণীয় :

১) অর্ডারিং ব্যাংক : অর্ডারিং ব্যাংককে ওয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে আবেদনকারীর সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য নিশ্চিত করবে। এছাড়া অর্ডারিং ব্যাংককে বেনিফিশিয়ারির অর্থবহ তথ্য সংগ্রহ করতে হবে। এ সব তথ্য ন্যূনতম ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধে তা অবিলম্বে সরবরাহ করতে হবে। এছাড়াও অর্ডারিং ব্যাংক এ সার্কুলারের অনুচ্ছেদ ৯ (১) ও (২) বর্ণিত নির্দেশনা পূরণ না করে কোনরূপ আন্তঃদেশীয় এবং অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফার কার্যক্রম সম্পাদন করবে না।

২) **ইন্টারমিডিয়ারী ব্যাংক :**

ক. আন্তঃদেশীয় ও অভ্যন্তরীণ উভয় ধরণের ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে অর্ডারিং ব্যাংক ও বেনিফিশিয়ারি ব্যাংকের মাঝে কোনো ব্যাংক যে কোনো ধরণের ইন্টারমিডিয়ারী হিসেবে কার্য সম্পাদন কালে উক্ত ব্যাংক কর্তৃক আবেদনকারী এবং বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করবে। আবেদনকারী এবং বেনিফিশিয়ারি সম্পর্কিত অপর্যাপ্ত তথ্যাদি চিহ্নিত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও অর্ডারিং ব্যাংক (প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোনো ইন্টারমিডিয়ারী ব্যাংক) হতে প্রাপ্ত তথ্য ইন্টারমিডিয়ারী ব্যাংক/ প্রতিষ্ঠান কর্তৃক ন্যূনতম ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে; এবং

খ. প্রতিটি ইন্টারমিডিয়ারী ব্যাংক কর্তৃক ওয়্যার ট্রান্সফার সম্পাদনের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির তথ্যের অভাবে উক্ত ট্রান্সফার সম্পাদন বা স্থগিতকরণ বা রহিতকরণ এবং প্রয়োজনীয় ফলোআপ কার্যক্রমের জন্য সংশিষ্ট ব্যাংকে একটি ঝুঁকিভিত্তিক নীতিমালা ও পদ্ধতি থাকবে।

AnyScanner

৯.৩ অর্ডারিং, ইন্টারমিডিয়ারী ও বেনিফিশিয়ারি ব্যাংকের করণীয় :

৩) বেনিফিশিয়ারি ব্যাংক :

ক. ওয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেন কার্যক্রমে জড়িত বেনিফিশিয়ারি ব্যাংক আবেদনকারীর বা বেনিফিশিয়ারির পূর্ণাঙ্গ তথ্যের কোনো ঘাটতি আছে কি না তা যাচাই করার জন্য একটি ঝুঁকিভিত্তিক পদ্ধতির প্রবর্তন করবে। বেনিফিশিয়ারির পূর্ণাঙ্গ তথ্যের কোনো ঘাটতি অথবা পরিচিতি যাচাই না করা হয়ে থাকলে [অন্যূন ১,০০০(এক হাজার) বা তদূর্ধ্ব পরিমাণ মার্কিন ডলার বা সমতুল্য পরিমাণ অপরাপর বৈদেশিক মুদ্রা র লেনদেনের ক্ষেত্রে] প্রয়োজনবোধে সংশিষ্ট পক্ষসমূহ পারস্পরিক যোগাযোগের মাধ্যমে বা অন্যান্য সূত্র ব্যবহার করে তথ্য সংগ্রহ করবে বা পরিচিতি যাচাই করবে। প্রাপক/বেনিফিশিয়ারিকে অর্থ পরিশোধের সময় বেনিফিশিয়ারি ব্যাংককে প্রাপক/ বেনিফিশিয়ারির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ ও সংশ্লিষ্ট তথ্য ন্যূনতম ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে; এবং

খ. প্রতিটি বেনিফিশিয়ারি ব্যাংক কর্তৃক ওয়্যার ট্রান্সফার সম্পাদনের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির তথ্যের অভাবে উক্ত ট্রান্সফার সম্পাদন বা স্থগিতকরণ বা রহিতকরণ এবং প্রয়োজনীয় ফলোআপ কার্যক্রমের জন্য সংশিষ্ট ব্যাংকে একটি ঝুঁকিভিত্তিক নীতিমালা ও পদ্ধতি থাকবে।

AnyScanner

১০। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction) ঃ

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন ১২৬৭ ও তার অনুবর্তী রেজুলেশনসমূহ, জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন নং ১৩৭৩ এবং ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তার ও উহাতে অর্থ সংস্থান প্রতিরোধ, দমন এবং ব্যাহতকরণ সম্পর্কিত রেজুলেশনসমূহের বাস্তবায়নের জন্য ব্যাংকসমূহ নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

১) প্রত্যেক ব্যাংক পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত লেনদেন প্রতিরোধ ও শনাক্ত করার লক্ষ্যে একটি পদ্ধতি প্রতিষ্ঠা করবে, ব্যাংকের কর্মকর্তাদের

২) দায়-দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা জারী করবে, সময় সময় তা পর্যালোচনা করবে এবং বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কি না তা নিশ্চিত করবে;

৩) সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সম্পর্কিত সংবাদ গণমাধ্যমে প্রকাশিত হবার সাথে সাথে উক্ত কর্মকান্ডের সাথে জড়িত কোনো ব্যক্তি বা সত্তার কোনো ব্যাংক হিসাব পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য সংশিষ্ট ব্যাংক অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে;

৪) প্রতিটি ব্যাংক জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ ও তার যথাযথ ব্যবহার নিশ্চিত করবে;

@letslearn

AnyScanner

১০। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রে বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction) ঃ

৪) প্রতিটি ব্যাংক জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোনো রেজুলেশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার নামে ব্যাংক হিসাব রয়েছে কি না বা কোনো লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত কার্যক্রম গ্রহণ করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। এছাড়াও এ প্রক্রিয়ায় প্রাপ্ত False Positive সংক্রান্ত তথ্য সংরক্ষণ করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তা অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার কোনো ব্যাংক হিসাব বা লেনদেন চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশিষ্ট ব্যাংক উক্ত হিসাবের লেনদেন বা লেনদেনটি স্থগিত করে পরবর্তী কর্ম দিবসের মধ্যে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে; এবং

৫) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত রেজুলেশনসমূহের বাস্তবায়নের ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidance Notes for Prevention of Terrorist Financing and Financing of Proliferation of Weapons of Mass Destruction এর নির্দেশনা অনুসরণীয় হবে। ব্যাংক হিসাব বা লেনদেন চিহ্নিত করার ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রদত্ত সকল প্রকার সেবা প্রদান বিবেচ্য হবে।

@letslearn

AnyScanner

১১। নিয়োগ ও প্রশিক্ষণ :

১১.১ নিয়োগ :

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ব্যাংকসমূহ নিম্নোক্ত বিষয়াবলী বিবেচনা করবে :

১) নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করবে; এবং

২) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগে উপযুক্ত সংখ্যক সম্যক বিষয়ে দক্ষ কর্মকর্তার পদায়ন করবে।

@letslearn

AnyScanner

১১.২ প্রশিক্ষণ- ব্যাংক কর্মকর্তা :

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকসমূহ নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

১) ব্যাংকের সকল কর্মকর্তা দের মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশিষ্ট্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে। এক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষণ বলতে বিভিন্ন স্তর ও বিভাগের কর্মকর্তাদের জন্য মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক মৌলিক ও তাদের কার্যক্রমের সাথে সংশিষ্ট্ট মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি প্রতিরোধ বিষয়ক এবং একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর Refresher Training কে বুঝাবে;

২) প্রধান ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা এবং সংশিষ্ট্ট অন্যান্য কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদান এবং/অথবা পেশাগত সনদ অর্জনের ব্যবস্থা করবে; এবং

৩) ব্যাংক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে।

@letslearn

AnyScanner

১১.৩ শিক্ষণ- ব্যাংক গ্রাহক :

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকসমূহ নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করবে ঃ

১) ব্যাংক তাদের গ্রাহকদের হিসাব খোলার প্রাক্কালে যাচিত বিভিন্ন তথ্য সন্নিবেশ ও দলিলাদি দাখিলের যে.ক্তিকতার বিষয়ে গ্রাহককে অবহিত করবে এবং মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সময় সময় লিফলেট বিতরণ এবং প্রতিটি ব্যাংক শাখায় দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার স্থাপনের ব্যবস্থা করবে; এবং

২) এছাড়াও মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন গণমাধ্যমসহ অন্যান্য মাধ্যমে এ বিষয়ক সচেতনতামূলক বিজ্ঞাপন, তথ্যচিত্র ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে।

@letslearn

AnyScanner

১২। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ :

১) *ব্যাংক* কোনো গ্রাহক সংশিষ্ট নিম্নে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি *হিসাব বন্ধ হওয়ার পর অন্যূন ০৫ (পাঁচ)* বৎসর সংরক্ষণ করবে :

ক. অভ্যন্তরীণ ও স্বদেশিক লেনদেন সংক্রান্ত তথ্যাদি বা দলিলাদি, KYC সহ CDD *প্রক্রিয়া* সম্পাদনকালে/হালনাগাদকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং কোনো গ্রাহকের বিষয়ে কোনো প্রতিবেদন বা যে কোনো ধরণের হিসাব বা লেনদেনের তথ্য পর্যালোচনা অথবা ব্যাংকের সার্বিক পরিপালন অবস্থ র বিষয়ে কোনো প্রতিবেদন প্রণীত হলে এ সকল তথ্যাদি/দলিলাদি; *এবং*

খ. Walk-in Customer কর্তৃক সংঘটিত লেনদেন সংক্রান্ত তথ্যাদি বা দলিলাদি।

২) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত প্রশিক্ষণ, সভা, নিরীক্ষা/পরিদর্শন এবং বিশেষ পরিদর্শন সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে; *এবং*

৩) প্রযোজ্য ক্ষেত্রে, সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করবে এবং সংরক্ষিত সকল তথ্যাদি ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করতে হবে।

@letslearn

AnyScanner

১৩। অন্যান্য :

- নিম্নবর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটার ব্যতিত ইতোপূর্বে বিএফআইইউ কর্তৃক জারীকৃত তফসিলি ব্যাংকের জন্য প্রযোজ্য সকল সার্কুলার ও সার্কুলার লেটারের নির্দেশনা এ সার্কুলার দ্বারা প্রতিস্থাপিত বলে গণ্য হবে;

@letslearn

AnyScanner

ধন্যবাদ সকলকে



ম. রাশেদুল হাসান খান, সিএএমএস



https://mrhkhan.com.bd

@letslearn

AnyScanner